# বিএসসি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের দাবি পর্যালোচনায় ৮ সদস্যের সরকারি কমিটি



সংগৃহীত ছবি

বিএসসি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের পেশাগত দাবি যাচাই ও সুপারিশ তৈরিতে চার উপদেষ্টা এবং সংশ্লিষ্ট প্রতিনিধিদের নিয়ে ৮ সদস্যের কমিটি গঠন করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। এক মাসের মধ্যে কমিটিকে সরকারের কাছে প্রতিবেদন জমা দিতে হবে।

বিএসসি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের পেশাগত দাবিসমূহের যৌক্তিকতা খতিয়ে দেখে সুপারিশ প্রণয়নে মন্ত্রিপরিষদ বিভাগ ৮ সদস্যের একটি কমিটি গঠন করেছে। বুধবার (২৭ আগস্ট) মন্ত্রিপরিষদ বিভাগের কমিটিবিষয়ক শাখার অতিরিক্ত সচিব মো. হুমায়ুন কবির স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান। অন্যান্য সদস্যরা হলেন—শিল্প এবং গৃহায়ন ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান, শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার, পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, আইইবি সভাপতি প্রকৌশলী মোহাম্মদ রেজাউল ইসলাম এবং আইডিইবি চেয়ারম্যান প্রকৌশলী অধ্যাপক ড. তানভির মঞ্জুর। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সওবা) কাজী মুহাম্মদ মোজাম্মেল হককে সদস্যসচিব হিসেবে রাখা হয়েছে।

কার্যপরিধি অনুযায়ী, বিএসসি ও ডিপ্লোমা ডিগ্রিধারী প্রকৌশলীদের দাবি যাচাই করে সুপারিশসহ প্রতিবেদন আগামী এক মাসের মধ্যে সরকারের কাছে জমা দিতে হবে। প্রয়োজনে কমিটি নতুন সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।

প্রসঙ্গত, সম্প্রতি বুয়েটসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিএসসি ইঞ্জিনিয়াররা ‘ডিপ্লোমা প্রকৌশলীদের নামের আগে প্রকৌশলী শব্দ ব্যবহার না করার’ দাবি নিয়ে আন্দোলন করছেন। অপরদিকে ডিপ্লোমা ইঞ্জিনিয়াররা উপসহকারী প্রকৌশলী পদে বিএসসি ডিগ্রিধারীদের নিয়োগ বন্ধসহ সাত দফা দাবি তুলেছেন।